



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এডিন্স, ঘুরাসপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web : www.bise-ctg.gov.bd

স্মারক নং-চশিবো/পরী/মাধ্য-পরি (অংশ-১০)/২০১৬/ ৭৫ (২)

তারিখ : ২২/০১/২০২৪খ্রি:

এসএসসি পরীক্ষা ২০২৪-এর মতবিনিময় সভা সংক্রান্ত

বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে শিক্ষাবোর্ডের আওতাধীন ২০২৪ সালের এসএসসি পরীক্ষার কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে, এসএসসি পরীক্ষা-২০২৪ সূচ্য ও সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কেন্দ্র সচিবদের সাথে মতবিনিময় সভা আগামী ০৫/০২/২০২৪ তারিখ, সোমবার, সকাল ১১.০০ টায় (রেজিস্ট্রেশন শুরু হবে সকাল ১০.৩০টায়) বোর্ড ভবনের নবম তলায় সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। যথাসময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট কেন্দ্র সচিবগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত মতবিনিময় সভায় কেন্দ্র সচিবদের উপস্থিতি বাধ্যতামূলক এবং তাঁর পক্ষে কোনো প্রতিনিধি পাঠানো যাবে না।


খ) ২০২৪ সালের এসএসসি পরীক্ষার উত্তরপত্র ও অন্যান্য পরীক্ষাসামগ্রী নিম্নলিখিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। কেন্দ্র সচিব বা তার প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধিকে অফিস চলাকালীন বর্ণিত তারিখে মালামাল গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রম	জেলার নাম	তারিখ
১	চট্টগ্রাম মহানগর	২৫/০১/২০২৪
২	চট্টগ্রাম জেলা (উত্তর)	২৮/০১/২০২৪
৩	খাগড়াছড়ি, রাঙ্গামাটি জেলা ও সন্দ্বীপ উপজেলা	২৯/০১/২০২৪
৪	কক্সবাজার ও বান্দরবান জেলা	৩০/০১/২০২৪
৫	চট্টগ্রাম জেলা (দক্ষিণ)	৩১/০১/২০২৪

উল্লেখ্য যে, কেন্দ্র নবায়ন ফি ২০০০/- (দুই হাজার) টাকা এবং নতুন কেন্দ্র ফি ৩০০০/- (তিন হাজার) টাকা জমাদানের রশিদ মালামাল গ্রহণের সময় প্রদর্শন করতে হবে।

গ) এসএসসি পরীক্ষা ২০২৪-এর পরীক্ষার্থীদের প্রবেশপত্র এবং স্বাক্ষরলিপি সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবগণের মোবাইলে প্রেরিত Username এবং Password ব্যবহার করে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.bise-ctg.gov.bd) থেকে ০৭ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পরীক্ষার্থীদের প্রবেশপত্র A-4 সাইজের ন্যূনতম ১০০ গ্রাম অফসেট কাগজে (রসিন প্রিন্ট) এবং স্বাক্ষরলিপি লিগ্যাল সাইজের কাগজে প্রিন্ট দিতে হবে।


২১/১/২৪


(প্রফেসর এ এম এম মুজিবুর রহমান)
২২.১.২০২৪

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

ফোন- ০২৩৩৩৩৩৬৭৬৪

Email : ce@bise-ctg.gov.bd